

বঙ্গভবন, ৬ জুন ২০২২:

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে সন্ধ্যায় বঙ্গভবনে বিদায়ী সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত
ব্রাজিলের রাষ্ট্রদূত Joao Tabajara De Oliveira Junior ।

সাক্ষাৎকালে ব্রাজিলের বিদায়ী রাষ্ট্রদূত দায়িত্ব পালনে সহযোগিতা প্রদানের জন্য রাষ্ট্রপতির প্রতি কৃতজ্ঞতা
জানান।

রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশ ও ব্রাজিলের মধ্যে দ্বিপাক্ষিক ও বাণিজ্যিক সম্পর্ক সম্প্রসারণের সম্ভাবনা খুবই
উজ্জ্বল। দু'দেশের বিদ্যমান এ সম্ভাবনাকে কাজে লাগাতে উভয় দেশের সরকারি-বেসরকারি বিশেষ করে
ব্যবসায়ী প্রতিনিধি দলের সফর বিনিময়ের উপর জোর দেন রাষ্ট্রপতি আবদুল হামিদ।

বাংলাদেশে সফলভাবে দায়িত্ব পালন করায় ব্রাজিলের বিদায়ী রাষ্ট্রদূতকে ধন্যবাদ জানান রাষ্ট্রপতি।

রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব সম্পদ বড়ুয়া, সামরিক সচিব মেজর জেনারেল এস এম সালাহ উদ্দিন ইসলাম ,
প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন এবং সচিব সংযুক্ত মোঃ ওয়াহিদুল ইসলাম খান এ সময় উপস্থিত ছিলেন।